



**Department of
Education**

Chancellor Richard A. Carranza

WILLIAM HARRINGTON, DIRECTOR
CENTRAL OFFICE OF HOME SCHOOLING
333 SEVENTH AVENUE, 7TH FL. NEW YORK, NY 10001

1 জুলাই, 2019

প্রিয় পিতামাতা/অভিভাবক:

সেন্ট্রাল অফিস অভ হোম স্কুলিং আপনাকে 2019-20 স্কুল বছরে স্বাগত জানাচ্ছে। এই পত্রটি আপনাকে 2019-20 স্কুল বছরে হোম স্কুল এডুকেশনের জন্য রেজিস্টার করতে (অথবা চালিয়ে যেতে) সহায়তা করবে। আপনার সন্তান যেন নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্টের (NYSED) কমিশনারের প্রবিধানের পার্ট 100.10-এর সমমানের শিক্ষা অভিজ্ঞতা অর্জন করতে পারে তা নিশ্চিত করতে, কিছু ফর্ম আছে যা আপনাকে বাধ্যতামূলকভাবে স্কুল বছরের বিভিন্ন সময় জমা দিতে হবে।

আপনাকে সহায়তা করার উদ্দেশ্যে, আমরা সবগুলো ফর্মের কপি এই প্যাকেটে প্রদান করেছি। ফর্ম এবং জমা দেয়ার শেষ তারিখের একটি তালিকা নিচে উল্লেখ করা হল। NYSED কমিশনারের প্রবিধানের পার্ট 100.10 অনুযায়ী এবং সময়মত এই ফর্মগুলো জমা দেয়া প্রতিটি শিক্ষার্থীর পিতামাতা অথবা অভিভাবকের নিজস্ব দায়িত্ব।

জমা দেয়ার শেষ তারিখ*

1 জুলাই, 2019:

15 আগস্ট, 2019:

15 নভেম্বর, 2019:

31 জানুয়ারি, 2020:

15 এপ্রিল, 2020:

30 জুন, 2020:

প্রতিপালনের (কমপ্লায়েন্স) বিষয়সমূহ

লেটার অভ ইন্টেন্ট জমা দিন [Part 100.10 (b) দেখুন]

ইন্ডিভিজুয়ালাইজড হোম ইন্ট্রাকশন প্ল্যান (IHIP) জমা দিন [Part 100.10 (b) দেখুন]

ত্রৈমাসিক রিপোর্ট #1 জমা দিন

ত্রৈমাসিক রিপোর্ট #2 জমা দিন

ত্রৈমাসিক রিপোর্ট #3 জমা দিন

ত্রৈমাসিক রিপোর্ট #4 এবং বার্ষিক মূল্যায়ন (অ্যাসেসমেন্ট) জমা দিন

* দিয়ে বোঝায় যে তারিখগুলো সেন্ট্রাল অফিস অভ হোম স্কুলিংয়ের **প্রস্তাবিত** IHIP-এর সর্বশেষ পৃষ্ঠায় রিপোর্ট জমা দেয়ার আসল তারিখ নির্ধারণ করতে পারবে, কিন্তু রিপোর্ট জমা দিতে হবে চারটি সমানভাগে বিভক্ত ত্রৈমাসিক ভিত্তিতে। যেসব শিক্ষার্থী এই স্কুল বছর চলাকালে হোম স্কুলিং শুরু করেছে, তাদের জন্য রিপোর্টের সংখ্যা তাদের বাড়ির শিক্ষা নির্দেশনার সমানুপাতিক হতে হবে।

আমাদের রেকর্ডে যেভাবে উল্লিখিত আছে আপনার সন্তানের নাম অবশ্যই সকল ডকুমেন্টে সেভাবে উল্লেখ করতে হবে; যদি চিঠির উপর ছাপা আপনার সন্তানের নামে ভুল থেকে থাকে, অনুগ্রহ করে অতিসত্ত্বর আমাদেরকে জানান।

এরপর কী করতে হবে:

আপনার সন্তানের হোম স্কুলিং চালিয়ে যেতে (অথবা শুরু করতে), আপনাকে অবশ্যই 2019-2020 স্কুল বর্ষের জন্য একটি লেটার অভ ইন্টেন্ট 1 জুলাই, 2019 তারিখের আগে বা সমসাময়িক জমা দিতে হবে। আপনার লেটার অভ ইন্টেন্ট অনুগ্রহ করে নিচের ঠিকানায় ডাকযোগে পাঠাবেন। বিকল্পভাবে, আপনি সকল ডকুমেন্ট সেন্ট্রাল অফিস অভ হোম স্কুলিংয়ে ইমেইলের মাধ্যমে জমা দিতে পারেন homeschool@schools.nyc.gov ঠিকানায়। অনুগ্রহ করে জেনে রাখুন বাধ্যতামূলক বিষয়গুলো, এর মধ্যে অন্তর্ভুক্ত লেটারস অভ ইন্টেন্ট, কোয়ার্টারলি রিপোর্টস, IHIP, এবং বাৎসরিক মূল্যায়ন (অ্যাসেসমেন্ট) ফ্যাক্সের মাধ্যমে পাঠালে তা গ্রহণযোগ্য হবে না।

Central Office of Home Schooling
333 Seventh Avenue, 7th Fl. New York, NY 10001

পিতামাতাদের যদি কোন প্রশ্ন থাকে তবে তাদের জন্য আমরা সাফাতের (ওয়াক-ইন) সময় প্রদান করি, কিন্তু আপনার ফর্ম অথবা অন্যান্য ডকুমেন্ট জমা দিতে অফিসে আসার প্রয়োজন নেই। অফিসে আসার পূর্বে অনুগ্রহ করে নিম্নলিখিত বিষয়গুলো জেনে রাখুন:

- আমরা আপনার ডকুমেন্টের কপি করে দিতে সক্ষম না। আপনার ভিজিটের পূর্বে যেসব ডকুমেন্ট আপনি জমা দিবেন অনুগ্রহ করে সেগুলো সবগুলো কপি করে রাখবেন।
- অফিসের সময়সূচি হল সোমবার – শুক্রবার, 9:00 a.m. – 3:00 p.m.-এর মধ্যে। অফিস অভ হোম স্কুলিং যেসব দিনে স্কুল ছুটি থাকে সেদিনগুলোতে এবং সপ্তাহান্তে বন্ধ থাকে।
- আপনি যদি একজন গাইডেন্স কাউন্সেলরের সাথে কথা বলতে চান, তবে অ্যাপয়েন্টমেন্ট করার জন্যে অনুগ্রহ করে (917) 339-1750 নম্বরে ফোন করুন।

অতিরিক্ত তথ্যের জন্যে, অনুগ্রহ করে আমাদের ওয়েব পেজ দেখুন: <https://www.schools.nyc.gov/enrollment/enrollment-help/home-schooling>

ধন্যবাদ,

উইলিয়াম হ্যারিংটন (William Harrington)